

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নম্বর-১৩.০১.০০০০.০৩১.১৬.০০১.১৮.

তারিখ- ১৪/২০১৮।

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) ২০১৭-২০১৮ অর্থ বছরের কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো।

সূত্রঃ খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের ১৯/০২/১৮ তারিখের ৩১৯ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'সোনার বাংলা গড়ার প্রত্যয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল' শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২ সনে মন্ত্রী সভা বৈঠকে অনুমোদিত হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল' বিষয়ে প্রতি তিন মাস অন্তর অন্তর কোয়ার্টারভিত্তিক সভা অনুষ্ঠিত হওয়া প্রয়োজন। জাতীয় শুদ্ধাচার কৌশল' কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৭-১৮ কোয়ার্টার ভিত্তিক প্রতিবেদন খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হয়।

জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) ২০১৭-২০১৮ অর্থ বছরের কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো এর ২য় কোয়ার্টারের প্রতিবেদন আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তরসমূহ হতে পাওয়া যায়। তা পর্যালোচনান্তে বেশ কিছু ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হয়। এছাড়া সূত্রস্থ স্মারকের সাথে প্রেরিত নীতিমালা/পরিপত্র/গেজেট অনুসরণে প্রতিবেদন প্রেরণ করা হয়নি।

এমতাবস্থায়, সূত্রস্থ স্মারকের সাথে প্রেরিত শুদ্ধাচার বিষয়ক নীতিমালা/পরিপত্র/গেজেট অনুসরণে প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। অধিকন্তু ৩য় কোয়ার্টারের প্রতিবেদন অবিলম্বে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রাপকঃ


আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।


স্মারক নম্বর-১৩.০১.০০০০.০৩১.১৬.০০১.১৮. ৭৬২(৭)

তারিখ- ১৪/৪/২০১৮।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২) অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৫) অফিস কপি।
- ৬) মাস্টার কপি।


(মামুন আল মোর্শেদ চৌধুরী)
উপ-পরিচালক (সংস্থাপন)
ফোন-৯৫৬১২০৯
dd.est@dgfood.gov.bd


(মামুন আল মোর্শেদ চৌধুরী)
উপ-পরিচালক (সংস্থাপন)